## কিভাবে আমি Medicare সেভিংস প্রোগ্রামে নথিভুক্তি করতে পারি?



আপনি Medicare-এর জন্য যোগ্য হলে, আপনি Medicare সেভিংস প্রোগ্রাম (Medicare Savings Program, MSP)-এ আবেদন সম্পূর্ণ করতে পারেন। আপনি হয় শুধুমাত্র-MSP এর জন্য (স্বল্প আবেদন) অথবা MSP ও Medicaid (দীর্ঘতর আবেদন) উভয়ের জন্য আবেদন করতে পারেন।

আবেদনগুলি 888-692-6116 নম্বরে মানব সংস্থান প্রশাসন (Human Resources Administration, HRA) Medicaid হেল্পলাইনে কল করা অথবা যেকোনো কম্যুনিটি Medicaid অফিস থেকে নিয়ে আসা যেতে পারে।

আপনি সশরীরে বা ডাকযোগে আপনার আবেদন জমা দিতে পারেন। আপনি ডাকযোগে আবেদন করতে চাইলে, অনুগ্রহ করে আপনার আবেদন ও ডকুমেন্টগুলি (প্রমাণগুলি) নিম্নরূপে জমা দিন:

**ক্লায়েন্টরা ACCESSHRA-তে MEDICAID এবং/অথবা MEDICARE সেভিংস প্রোগ্রামের জন্য আবেদন করতে পারেন**

ACCESS HRA | nyc.gov/accesshra

**আপনি MSP ও MEDICAID-এর জন্য আবেদন করলে, আপনার আবেদনের প্যাকেজ ডাকযোগে পাঠান এখানে:**

HRA/Medical Assistance Program
MSP-CREP, 5th Fl.
PO Box 24330
Brooklyn, NY 11202-9801

**আপনি শুধুমাত্র-MSP এর জন্য আবেদন করলে, আপনার আবেদন প্যাকেজ ডাকযোগে পাঠান এখানে:**

HRA/Medical Assistance Program
Initial Eligibility Unit, 5th Fl.
PO Box 24390
Brooklyn, NY 11202-9814


NYC Human Resources Administration
Department of Social Services

@NYCHRA NYCHRA NYCHRA NYCHRA



BRC-1071 (B)



© কপিরাইট 2024। নিউ ইয়র্ক সিটি, মানব সংস্থান প্রশাসন/সমাজ সেবা বিভাগ এই উপকরণের সম্পূর্ণটি বা আংশিক অনুকরণ করার অনুমতির জন্য নিউ ইয়র্ক সিটি মানব সংস্থান প্রশাসনের সাথে যোগাযোগ করুন।


NYC Human Resources Administration
Department of Social Services

চিকিৎসাগত সহায়তা প্রোগ্রাম



ছবিগুলি শুধুমাত্র দৃষ্টান্তমূলক উদ্দেশ্যের জন্য।

# Medicare সেভিংস প্রোগ্রাম


BRC-1071 (B)

## Medicare সেভিংস প্রোগ্রামটি কি?

Medicare সেভিংস প্রোগ্রাম (MSP) হল একটি Medicaid-পরিচালিত প্রোগ্রাম যা সীমিত আয়ের Medicare উপভোক্তাদের ক্ষেত্রে উপলভ্য।

আপনি যোগ্য হলে, এই প্রোগ্রাম আপনার Medicare পার্ট B প্রিমিয়াম দেবে। আপনি যে উপ-প্রোগ্রামের জন্য যোগ্যতার উপর নির্ভর করে, এটি অন্যান্য খরচ-শেয়ার করা ব্যয়গুলির অর্থও প্রদান করতে পারে যেগুলির তালিকা নীচে দেওয়া আছে। **আপনি Medicaid ও Medicare সেভিংস প্রোগ্রাম উভয়ের জন্য যোগ্য হতে পারেন।**

আপনার আয়ের উপর নির্ভর করে, আপনি নিম্নলিখিতের একটির জন্য যোগ্য হতে পারে (আয়ের তথ্যের অন্য এই ইস্তাহারে পরের দিকে থাকা সারণীটি দেখুন):

### যোগ্যতাসম্পন্ন MEDICARE বেনিফিশিয়ারি (QUALIFIED MEDICARE BENEFICIARY, QMB)

QMB প্রোগ্রাম আপনার Medicare পার্ট A এবং/অথবা পার্ট B এর প্রিমিয়াম, কো-ইন্স্যুরেন্স ও কেটে নেওয়া অর্থ প্রদান করে। QMB মাসের যোগ্যতা নির্ধারণ করা হওয়ার পরের মাসের প্রথম দিন থেকে কার্যকর হয়।

উদাহরণস্বরূপ, যদি আমরা নির্ধারণ করি আপনি জানুয়ারিতে যোগ্য, তাহলে সুবিধা ফেব্রুয়ারি থেকে শুরু হবে। আপনি শুধুমাত্র-QMB বা QMB ও অন্যান্য Medicaid প্রোগ্রামগুলি উভয়ের জন্য যোগ্য হতে পারেন।

### যোগ্যতা সম্পন্ন ব্যক্তি - 1 (QUALIFIED INDIVIDUAL, QI-1)

QI-1 প্রোগ্রাম শুধুমাত্র আপনার Medicare পার্ট B এর প্রিমিয়াম দেয়। যোগ্য হওয়ার জন্য আপনার Medicare পার্ট A থাকতে হবে।

QI-1 হল একটি বার্ষিক প্রোগ্রাম যা প্রতি বছর 1 জানুয়ারি থেকে 31 ডিসেম্বর পর্যন্ত চলে। যোগ্যতা প্রথমে-এলে প্রথমে-পাওয়া যাবে এই ভিত্তিতে নির্ধারণ করা হয় এবং আবেদন করার মাসে কার্যকর হয়। আপনি QI-1 এবং অন্যান্য Medicaid প্রোগ্রামগুলি উভয়ের জন্য যোগ্যতাসম্পন্ন হতে পারবেন না।

## একটি Medicare সেভিংস প্রোগ্রামে নথিভুক্তি করার সুবিধাগুলি কি?



বেশিরভাগ ব্যক্তি 65 বছর বা তার বেশি বয়সে, বিনা খরচে, স্বয়ংক্রিয়ভাবে Medicare পার্ট A (হাসপাতাল) কভারেজ পান। তবে, বেনিফিশিয়ারিদের তাদের Medicare পার্ট B (বহির্বিভাগীয় রোগীর চিকিৎসা পরিচর্যা)-এর জন্য একটি মাসিক প্রিমিয়াম দিতে হয়।

এই প্রিমিয়ামের পরিমাণ আপনার মাসিক সোশ্যাল সিকিউরিটির চেকের থেকে স্বয়ংক্রিয়ভাবে কেটে নেওয়া হয়। আপনি উপরে তালিকাভুক্ত Medicare সেভিংস প্রোগ্রামগুলির একটির জন্য যোগ্য হলে, আপনাকে আর মাসিক Medicare পার্ট B (বহির্বিভাগীয় রোগীর পরিচর্যা)-এর প্রিমিয়াম দিতে হবে না।

সেইসাথে, যোগ্য হওয়া সকল Medicare উপভোক্তারা স্বয়ংক্রিয়ভাবে কম-আয়ের ভর্তুকি (Low-Income Subsidy, LIS) প্রোগ্রামের জন্য যোগ্য হবেন। এই ভর্তুকি Medicare পার্ট D (প্রেসক্রিপশনের খরচ)-এর জন্য অর্থ প্রদানে সাহায্য করবে। এটি প্রেসক্রিপশন প্ল্যানের মাসিক প্রিমিয়াম এবং অন্যান্য নিজের পকেট থেকে খরচা করা ব্যয়গুলি, যেমন বার্ষিক কেটে নেওয়া অর্থ ও কো-পেমেন্ট ও ওষুধের জন্য কো-ইন্স্যুরেন্সের আংশিক অর্থ প্রদান করবে।

## যোগ্য হওয়ার আর্থিক প্রয়োজনীয়গুলি কি?

MSP-এর জন্য আর্থিকভাবে যোগ্য হতে গেলে, আপনার মোট আয় (স্থূল আয়ের কম অনুমতিযোগ্য কেটে নেওয়া অর্থ ও সংশোধনগুলি) নীচে তালিকাবদ্ধ ফেডারেল দারিদ্র্য সীমা (Federal Poverty Level, FPL)-এর নীচে হতে হবে।

নীচের সারণীতে দেখানো FPL-এর শতাংশগুলি একজন ব্যক্তি (বা দম্পতি)-এর সর্বাধিক কত পরিমাণ আয় হয়েও তবুও MSP-এর জন্য যোগ্য বলে নির্ধারিত হতে পারে তা দেখায়

| আর্থিক প্রয়োজনীয়তা | QMB | QI-1 |
| --- | --- | --- |
| আয়ের সীমা | ফেডারেল দারিদ্র্য সীমার (FPL) 138% পর্যন্ত | ফেডারেল দারিদ্র্য সীমার (FPL) 138%–এর বেশি কিন্তু 186%–এর কম পর্যন্ত |
| প্রতি বছর মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব পরিষেবা বিভাগ-এর স্থির করা, FPL বলতে সেই ন্যূনতম পরিমাণ আয়কে বোঝায় যা একটি পরিবারের খাবার, জামাকাপড়, পরিবহন, আশ্রয়, এবং অন্যান্য আবশ্যকতাগুলির জন্য প্রয়োজন। FPL-এর একটি শতাংশ MSP-এর মত সরকারী সুবিধাগুলির জন্য আয়ের যোগ্যতার হিসাব করতে ব্যবহার করা হয়। বর্তমান FPL ডেটা দেখার জন্য, যান: https://aspe.hhs.gov/poverty-guidelines | | |
| অনুপার্জিত আয়ের উপেক্ষা (গণনা করা হয় না) | অনুপার্জিত আয়ের একটি ছোট পরিমাণ (উ.দা., সোশ্যাল সিকিউরিটি, পেনসন, ইত্যাদি) গণনা করা হয় না।<br>দ্রষ্টব্য: অনুপার্জিত আয়ের উদাহরণগুলি হল সোশ্যাল সিকিউরিটির সুবিধা, পেনসন এবং চাকরি সংক্রান্ত নয় এমন আয়। | |